পাঠ ১৬

# আমাদের উৎসব



## পাঠের মূলকথা

উৎসব সারা বিশ্বের এক সর্বজনীন বিনোদনের বিষয়। উৎসব আয়োজনের দিক থেকে বাংলাদেশকে বলা হয় উৎসবের দেশ। এ দেশে বিভিন্ন ধর্মের মানুষ শান্তিপূর্ণভাবে তাদের ধর্মীয় উৎসব পালন করে। মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব ঈদ-উল ফিতর ও ঈদ-উল আজহা। হিন্দুদের সবচেয়ে বড়ো উৎসব দুর্গাপূজা। শরৎকালে এই উৎসব পালন করা হয়। খ্রিস্টানদের বড়ো উৎসব বড়োদিন। ডিসেম্বর মাসের ২৫ তারিখে এই উৎসব পালন করা হয়। বৌদ্ধদের সবচেয়ে বড়ো উৎসব বুদ্ধ পূর্ণিমা। বৈশাখ মাসের পূর্ণিমা দিনে এই উৎসব পালিত হয়। ১লা বৈশাখ বাংলা বছরের প্রথম দিন। এ দেশের মানুষ ধর্ম-বর্ণ নির্বিশেষে এ দিন নতুন বছরকে বরণ করে নেয়। এই উৎসবকে বলে নববর্ষ। নববর্ষে গ্রামে ও শহরে শোভাযাত্রা বের হয় এবং বৈশাখী মেলা বসে। বিভিন্ন জাতিগোষ্ঠী নানা উৎসব ও খেলার আয়োজন করে। বৈশাখী মেলায় মাটির তৈরি রঙিন হাঁড়ি, হাতি, ঘোড়া, কাঠের পুতুল পাওয়া যায়। এছাড়া মেলায় মুড়ি, মুড়কি, খই, বাতাসা প্রভৃতি বিক্রি হয়।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।

৫.১ বিভিন্ন ধরনের শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে প্রমিত উচ্চারণে বলতে পারা।

৫.২ যুক্তবর্ণ ও ফলাযোগে গঠিত শব্দ ও বিভিন্ন ধরনের বাংলা বাক্য প্রমিত উচ্চারণে বলতে পারা।

৯.১ যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।

১২.১ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।

১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন ধরনের বাক্য এবং শ্রুতলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৮ | পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-৭০ | উৎসব মানে........... উৎসব দেখা যায়। |
| পিরিয়ড-৭১ | ১লা বৈশাখ....... আয়োজন করা হয়। |
| পিরিয়ড-৭২ | মুসলমানদের প্রধান ...... কোলাকুলি করে। |
| পিরিয়ড-৭৩ | হিন্দুদের সবচেয়ে.......... আলপনা আঁকে। |
| পিরিয়ড-৭৪ | খ্রিস্টানরা.......... উপহার দিয়ে যাবেন। |
| পিরিয়ড-৭৫ | বৌদ্ধদের সবচেয়ে ..... প্রদীপ জ্বালায়। |
| পিরিয়ড-৭৬ | সম্পূর্ণ পাঠ। |
| পিরিয়ড-৭৭ | পুনরালোচনা। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| উৎসব | আনন্দ | জাঁকজমক | ধর্ম | অঞ্চল | বরণ | নববর্ষ | বৈশাখী | হাঁড়ি | বিক্রি |
| মুড়ি | খই | শোভাযাত্রা | পার্বত্য | জাতিগোষ্ঠী | রীতি | রান্না | মুসলমান | নামাজ | সেমাই |
| শরৎকাল | সন্দেশ | নাড়ু | লাড্ডু | আঁকা | ঘরবাড়ি | পোশাক | পূর্ণিমা | সন্ধ্যা | প্রদীপ |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

## ২ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫০

জাঁকজমক, অঞ্চল, পার্বত্য, আলপনা, প্রদীপ।

**উত্তর :**

জাঁকজমক — আড়ম্বর।
অঞ্চল — এলাকা।
পার্বত্য — পাহাড়ি।
আলপনা — নকশা।
প্রদীপ — বাতি।

### ২ বাক্য বলি ও লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫০

উৎসব ..............................
বরণ ..............................
আলপনা ..............................
জন্মদিন ..............................

**উত্তর :**

উৎসব — মুসলমানদের প্রধান উৎসব ঈদ।
বরণ — ১লা বৈশাখে নতুন বছরকে বরণ করে নেওয়া হয়।
আলপনা — লক্ষ্মীপূজায় অনেক বাড়িতে আলপনা আঁকা হয়।
জন্মদিন — জন্মদিন পালন একটি পারিবারিক উৎসব।

### ৩ ডান পাশের শব্দ দিয়ে খালি জায়গা পূরণ করি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫০

| | |
|---|---|
| ক. ঈদে ঈদগায়ে সবাই ——— পড়তে যায়। | ১লা বৈশাখ |
| খ. ——— বাংলা বছরের প্রথম দিন। | বুদ্ধ পূর্ণিমা |
| গ. হিন্দুদের সবচেয়ে বড়ো উৎসব ———। | নামাজ |
| ঘ. সন্ধ্যায় প্রদীপ জ্বালানো হয় ———। | দুর্গাপূজা |

**উত্তর :**

ক. ঈদে ঈদগায়ে সবাই নামাজ পড়তে যায়।
খ. ১লা বৈশাখ বাংলা বছরের প্রথম দিন।
গ. হিন্দুদের সবচেয়ে বড়ো উৎসব দুর্গাপূজা।
ঘ. সন্ধ্যায় প্রদীপ জ্বালানো হয় বুদ্ধ পূর্ণিমায়।

### ৪ বাম পাশের সাথে ডান পাশের মিল করি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫০

| | |
|---|---|
| মুসলমানদের প্রধান উৎসব | বুদ্ধ পূর্ণিমা |
| হিন্দুদের সবচেয়ে বড়ো উৎসব | বড়োদিন |
| বৌদ্ধদের সবচেয়ে বড়ো উৎসব | ঈদ |
| খ্রিস্টানদের সবচেয়ে বড়ো উৎসব | দুর্গাপূজা |

**উত্তর :**

মুসলমানদের প্রধান উৎসব → ঈদ
হিন্দুদের সবচেয়ে বড়ো উৎসব → দুর্গাপূজা
বৌদ্ধদের সবচেয়ে বড়ো উৎসব → বুদ্ধ পূর্ণিমা
খ্রিস্টানদের সবচেয়ে বড়ো উৎসব → বড়োদিন

### ৫ বুঝে নিই।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫১

পাঁচন — বিভিন্ন সবজি সিদ্ধ করে তৈরি করা খাবার।
বৌদ্ধবিহার — বৌদ্ধদের প্রার্থনার স্থান।

### ৬ মুখে মুখে উত্তর বলি ও লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫১

**প্রশ্ন ক. ঈদুল আজহা কাদের উৎসব?**
উত্তর : ঈদুল আজহা মুসলমানদের উৎসব।

**প্রশ্ন খ. কোন পূজা শরৎকালে হয়?**
উত্তর : দুর্গাপূজা শরৎকালে হয়।

**প্রশ্ন গ. কোন মাসে বুদ্ধ পূর্ণিমা পালিত হয়?**
উত্তর : বৈশাখ মাসে বুদ্ধ পূর্ণিমা পালিত হয়।


**প্রশ্ন ঘ. কোন উৎসবে ক্রিসমাস ট্রি সাজানো হয়?**
উত্তর : খ্রিস্টানদের বড়োদিন উৎসবে ক্রিসমাস ট্রি সাজানো হয়।


**৭** নিচের ছবি দেখি, ভাবি এবং কোনটি কোন উৎসবের ছবি বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫১












উত্তর :



এটি সান্তা ক্লজের ছবি। খ্রিষ্টানদের বড়োদিন (২৫ ডিসেম্বর) উৎসবে লাল পোশাক পরা সান্তা ক্লজ শিশুদের উপহার দিয়ে যান।




এটি কোলাকুলির দৃশ্য। মুসলমানদের প্রধান উৎসব ঈদ-উল ফিতর ও ঈদ-উল আজহার নামাজ শেষে মুসলমানরা একে অন্যের সাথে এভাবে কোলাকুলি করে থাকে।



এটি দুর্গাপূজার ছবি। হিন্দুদের প্রধান উৎসব 'দুর্গাপূজা'।



বৌদ্ধদের সবচেয়ে বড়ো উৎসব বুদ্ধ পূর্ণিমা।



এটি নাগরদোলার ছবি। বাঙালির প্রধান উৎসব বাংলা নববর্ষ উপলক্ষে বৈশাখী মেলার প্রধান আকর্ষণ নাগরদোলা।



## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ৭০** উৎসব মানে............ উৎসব দেখা যায়।

**প্রশ্ন ১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. কোন কোন দিনে আমরা আনন্দ করি** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ১লা বৈশাখে ও বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে আমরা আনন্দ করি।

**প্রশ্ন খ. কোন উৎসব আমরা কীভাবে পালন করি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নতুন বছরকে বরণ করে নিতে আমরা ১লা বৈশাখের উৎসব পালন করি। ঈদগায়ে নামাজ পড়তে গিয়ে এবং বাড়িতে বিভিন্ন খাবারের আয়োজন করে ঈদ উৎসব পালন করি। সুন্দর করে সেজে পূজামণ্ডপে গিয়ে পূজা উৎসব পালন করি। ক্রিসমাস ট্রিতে ছোটো ছোটো বাতি লাগিয়ে, ঘরবাড়ি সাজিয়ে বড়োদিন পালন করা হয়। ফুল ও রঙিন কাগজ দিয়ে বৌদ্ধবিহার সাজিয়ে এবং সন্ধ্যায় প্রদীপ জ্বালিয়ে বুদ্ধপূর্ণিমা পালন করা হয়।

**প্রশ্ন ২. ছবি দেখে প্রশ্নের উত্তর দেই।**



▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**প্রশ্ন ক. উপরে কয়টি ছবি আছে?**

**উত্তর :** উপরে পাঁচটি ছবি আছে।

**প্রশ্ন খ. উপরের ছবিগুলোর নাম লেখ।**

**উত্তর :** প্রথমটি ১লা বৈশাখের, দ্বিতীয়টি ঈদ উৎসবের, তৃতীয়টি পূজা উৎসবের, চতুর্থটি বড়োদিনের, পঞ্চমটি বুদ্ধ পূর্ণিমার।

**প্রশ্ন ৩. উৎসব মানে কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** উৎসব মানে আনন্দানুষ্ঠান, ধুমধাম।

**প্রশ্ন ৪. দেশকে ভালোবেসে কোন উৎসব পালন করা হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** দেশকে ভালোবেসে রাষ্ট্রীয় উৎসব, যেমন— ২৬শে মার্চ, ১৬ই ডিসেম্বর ইত্যাদি উৎসব পালন করা হয়।

**পিরিয়ড ৭১** ১লা বৈশাখ....... আয়োজন করা হয়।

**প্রশ্ন ৫. বছরের প্রথম দিনকে আমরা কী বলি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বছরের প্রথম দিনকে আমরা নববর্ষ বলি।

**প্রশ্ন ৬. আমরা কেন নববর্ষ পালন করি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নতুন বছরকে বরণ করে নিতে আমরা নববর্ষ পালন করি।

**প্রশ্ন ৭. ১লা বৈশাখে কী কর তা চারটি বাক্যে লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ১লা বৈশাখে আমরা যা যা করি—

ক. নতুন বছরকে বরণ করে নেই।
খ. শোভাযাত্রায় অংশগ্রহণ করি।
গ. বৈশাখী মেলায় যাই।
ঘ. মজার মজার খাবার খাই।

**পিরিয়ড ৭২** মুসলমানদের প্রধান..... কোলাকুলি করে।

**প্রশ্ন ৮. নিচের ঘটনায় কয় ধরনের খাবার আছে? খাবারগুলোর তালিকা কর।**

ঘটনা

মুসলমানদের প্রধান উৎসব ঈদ-উল ফিতর ও ঈদ-উল আজহা। দুই ঈদে সবাই ঈদগায় নামাজ পড়তে যায়। ঈদের দিন ফিরনি-সেমাই, পোলাও-মাংস রান্না করা হয়। সবাই সবার বাড়িতে যায়, কোলাকুলি করে।

**উত্তর :** উপরের ঘটনায় চারটি খাবারের নাম আছে। যথা– ফিরনি, সেমাই, পোলাও ও মাংস।

**প্রশ্ন ৯. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. মুসলমানদের প্রধান উৎসব কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মুসলমানদের প্রধান উৎসব ঈদ।

**প্রশ্ন খ. মুসলমানদের প্রধান উৎসব দুটির নাম কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মুসলমানদের প্রধান উৎসব দুটির নাম– ঈদ-উল ফিতর ও ঈদ-উল আজহা।

**প্রশ্ন গ. কীভাবে দিনটি পালন কর?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ঈদগাহে নামাজ পড়তে যাই, কোলাকুলি করি, সবাই সবার বাড়িতে বেড়াতে যাই। আর এভাবেই দিনটি পালন করি।

**পিরিয়ড ৭৩** হিন্দুদের সবচেয়ে......... আলপনা আঁকে।

**প্রশ্ন ১০. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. হিন্দুদের প্রধান উৎসব কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** হিন্দুদের প্রধান উৎসব দুর্গাপূজা।

**প্রশ্ন খ. হিন্দুদের আর কী কী উৎসব আছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** হিন্দুদের অন্য উৎসবগুলো হলো– কালীপূজা, লক্ষ্মীপূজা, সরস্বতী পূজা।

**প্রশ্ন গ. কীভাবে দুর্গাপূজা পালন করা হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সবাই সুন্দর করে সেজে পূজামণ্ডপে গিয়ে দুর্গাপূজা পালন করা হয়।

**প্রশ্ন ঘ. লক্ষ্মীপূজায় কী কী করা হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** লক্ষ্মীপূজায় নাড়ু, লাড্ডু, সন্দেশ তৈরি করা হয়। অনেকে বাড়িতে আলপনাও আঁকে।

**পিরিয়ড ৭৪** খ্রিস্টানরা.......... উপহার দিয়ে যাবেন।

**প্রশ্ন ১১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. খ্রিস্টানদের প্রধান উৎসবের নাম কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** খ্রিস্টানদের প্রধান উৎসবের নাম বড়োদিন।

**প্রশ্ন খ. কত তারিখে বড়োদিন পালন করা হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ২৫ ডিসেম্বর বড়োদিন পালন করা হয়।

**প্রশ্ন গ. বড়োদিনে কোন রঙের পোশাক পরা হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বড়োদিনে লাল রঙের পোশাক পরা হয়।

**প্রশ্ন ঘ. বড়োদিনে শিশুদের জন্য কে উপহার নিয়ে আসেন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বড়োদিনে শিশুদের জন্য লাল রঙের পোশাক পরা সান্তাক্লজ উপহার নিয়ে আসেন।

**পিরিয়ড ৭৫** বৌদ্ধদের সবচেয়ে ..... প্রদীপ জ্বালায়।

**প্রশ্ন ১২. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. বৌদ্ধদের প্রধান উৎসবের নাম কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বৌদ্ধদের প্রধান উৎসবের নাম বুদ্ধ পূর্ণিমা।

**প্রশ্ন খ. বুদ্ধ পূর্ণিমার দিন বৌদ্ধবিহার কীভাবে সাজানো হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বুদ্ধ পূর্ণিমার দিন ফুল ও রঙিন কাগজ দিয়ে বৌদ্ধবিহার সাজানো হয়। সন্ধ্যায় প্রদীপ জ্বালানো হয়।

**পিরিয়ড ৭৬** সম্পূর্ণ পাঠ।

**প্রশ্ন ১৩. দলীয় কাজ : পাঁচটি দলে বিভক্ত হয়ে ছকে দেওয়া উৎসব আয়োজনে কী কী লাগবে তার তালিকা তৈরি কর।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| দল | উৎসব | যা লাগবে |
|---|---|---|
| ১ | ১লা বৈশাখ | |
| ২ | ঈদ | |
| ৩ | পূজা-পার্বণ | |
| ৪ | বড়োদিন | |
| ৫ | বুদ্ধ পূর্ণিমা | |

**উত্তর :**

| দল | উৎসব | যা লাগবে |
|---|---|---|
| ১ | ১লা বৈশাখ | হাতে পশুপাখির বিভিন্ন প্রতিকৃতি এবং মুখে মুখোশ পরে শোভাযাত্রায় বের হওয়া। মেলায় ঘুরতে যাওয়া। মেলা থেকে মাটির হাঁড়ি এবং মুড়ি, মুড়কি, খই কেনা। |
| ২ | ঈদ | ঈদগাহের স্থান নির্ধারণ, নামাজ পড়া, ফিরনি-সেমাই ও পোলাও মাংস রান্না করা। আত্মীয়ের বাড়িতে বেড়াতে যাওয়া। |
| ৩ | পূজা-পার্বণ | সুন্দর করে পূজামণ্ডপ সাজানো। বাড়িতে নাড়ু, সন্দেশ তৈরি করা এবং আলপনা আঁকা। |
| ৪ | বড়োদিন | ক্রিসমাস ট্রিতে ছোটো ছোটো বাতি লাগিয়ে সাজানো। ঘরবাড়ি সুন্দর করে সাজানো। |
| ৫ | বুদ্ধ পূর্ণিমা | বৌদ্ধবিহারে যাওয়া, ফুল ও রঙিন কাগজ দিয়ে বৌদ্ধবিহার সাজানো। সন্ধ্যায় বিভিন্ন রঙের প্রদীপ জ্বালানো। |

**পিরিয়ড ৭৭** পুনরালোচনা।

**প্রশ্ন ১৪. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. তোমরা আর কী কী উৎসব পালন কর?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা আরও কিছু উৎসব পালন করি। যেমন– পারিবারিক ও সামাজিক উৎসব। জন্মদিন, বিয়ে এ ধরনের উৎসব।

**প্রশ্ন খ. নানা রকম উৎসব আমাদের কী করে রেখেছে?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নানা রকম উৎসব আমাদের এক করে রেখেছে।

**প্রশ্ন ১৫. নিচের শব্দগুলোর অর্থ লেখ :**

উৎসব, জাতি, নববর্ষ, শোভাযাত্রা, রীতি, কোলাকুলি, বড়োদিন, ক্রিসমাস ট্রি, পূর্ণিমা, সান্তা ক্লজ, বৌদ্ধবিহার, বুদ্ধ পূর্ণিমা।

**উত্তর :**

| | | |
|---|---|---|
| উৎসব | — | পার্বণ, পরব। |
| জাতি | — | বংশ, সম্প্রদায়। |
| নববর্ষ | — | বছরের প্রথম দিন। |
| শোভাযাত্রা | — | মিছিল। |
| রীতি | — | প্রথা, নিয়ম। |
| কোলাকুলি | — | আলিঙ্গান করা। |
| বড়োদিন | — | খ্রিস্টানদের সবচেয়ে বড়ো উৎসব। |
| ক্রিসমাস ট্রি | — | যিশু খ্রিস্টের জন্মোৎসব উপলক্ষে উপহার সামগ্রী দিয়ে সাজানো ছোটো চির সবুজ গাছ। |
| পূর্ণিমা | — | যে তিথিতে চাঁদের পরিপূর্ণ বিকাশ ঘটে। |
| সান্তা ক্লজ | — | বড়োদিন উপলক্ষে শিশুদের উপহার প্রদানকারী ব্যক্তি। |
| বৌদ্ধবিহার | — | বুদ্ধদের তীর্থস্থান। |
| বুদ্ধ পূর্ণিমা | — | বৌদ্ধদের সবচেয়ে বড়ো উৎসব। |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

মেলা, নামাজ, বৈশাখ, সামাজিক, উপহার।

**উত্তর :**

| | | |
|---|---|---|
| মেলা | — | মেলাতে আমি নাগরদোলায় চড়েছি। |
| নামাজ | — | নামাজ পড়া মহৎ গুণ। |
| বৈশাখ | — | বৈশাখ মাসে ঝড় হয়। |
| সামাজিক | — | মানুষ সামাজিক জীব। |
| উপহার | — | আমরা উপহার পেতে ভালোবাসি। |

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ২. আমরা কখন আনন্দ করি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা ঈদের দিন, পূজার দিন, বড়োদিনের উৎসব, বুদ্ধ পূর্ণিমার দিন ও পয়লা বৈশাখে আনন্দ করি।

**প্রশ্ন ৩. আমরা কেন উৎসব পালন করি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা আনন্দ উদ্‌যাপন, শ্রদ্ধা নিবেদন ও বিজয়োল্লাস করার জন্য উৎসব পালন করি।

**প্রশ্ন ৪. নববর্ষে কোথায় মেলা বসে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নববর্ষে গ্রামে ও শহরে মেলা বসে।

**প্রশ্ন ৫. মেলায় কী কী বিক্রি হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মেলায় মাটির হাঁড়ি, হাতি, ঘোড়া, কাঠের পুতুল, মুড়ি, মুড়কি, খই, বাতাসা ইত্যাদি বিক্রি হয়।

**প্রশ্ন ৬. পাঁচন কী?**

**উত্তর :** পাঁচন হলো বিভিন্ন সবজি সিদ্ধ করে তৈরি খাবার।

**প্রশ্ন ৭. বাক্যের গঠন অনুসারে কোনটি কোন ধরনের (ঘোষণা, অনুরোধ, আদেশ, নির্দেশনা, প্রশ্নমূলক) বাক্য তা লেখ।**

ক. নববর্ষের দিন গ্রামে ও শহরে মেলা বসবে।

খ. অনুগ্রহপূর্বক আমাকে বই দিন।

গ. পড়ায় মনোযোগ দাও।

ঘ. গান শুনবে না।

ঙ. তুমি কি বই পড়েছ?

**উত্তর :** গঠন অনুসারে বাক্যের ধরনগুলো হলো–

ক. নববর্ষের দিন গ্রামে ও শহরে মেলা বসবে।– ঘোষণামূলক বাক্য।

খ. অনুগ্রহপূর্বক আমাকে বই দিন।– অনুরোধমূলক বাক্য।

গ. পড়ায় মনোযোগ দাও।– আদেশমূলক বাক্য।

ঘ. গান শুনবে না।– নির্দেশনামূলক বাক্য।

ঙ. তুমি কি বই পড়েছ?– প্রশ্নমূলক বাক্য।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৮. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১লা বৈশাখ বাংলা বছরের প্রথম দিন এ দিন নতুন বছরকে বরণ করে নেওয়া হয় এই উৎসবকে বলে নববর্ষ নববর্ষে গ্রামে ও শহরে বৈশাখী মেলা বসে মেলায় মাটির হাঁড়ি হাতি ঘোড়া কাঠের পুতুল বিক্রি হয় বিক্রি হয় মুড়ি মুড়কি খই বাতাসা এদিন অনেক জায়গায় শোভাযাত্রা বের হয়

**উত্তর :** ১লা বৈশাখ বাংলা বছরের প্রথম দিন। এ দিন নতুন বছরকে বরণ করে নেওয়া হয়। এই উৎসবকে বলে নববর্ষ।

নববর্ষে গ্রামে ও শহরে বৈশাখী মেলা বসে। মেলায় মাটির হাঁড়ি, হাতি, ঘোড়া, কাঠের পুতুল বিক্রি হয়। বিক্রি হয় মুড়ি, মুড়কি, খই, বাতাসা। এদিন অনেক জায়গায় শোভাযাত্রা বের হয়।

**প্রশ্ন ৯. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখ।**

ফুল, সন্দেশ, ঘোড়া, বাড়ি, দিন, মাটি।

উত্তর :

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| ফুল | পুষ্প, প্রসূন |
| সন্দেশ | সংবাদ, বার্তা |
| ঘোড়া | অশ্ব, বাজি |
| বাড়ি | আলয়, গৃহ |
| দিন | অহ, দিবস |
| মাটি | মৃত্তিকা, মৃৎ |

**প্রশ্ন ১০. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।**

সুন্দর, আনন্দ, ভালোবাসা, ছোটো, দিন, শহর।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| সুন্দর | কুৎসিত |
| আনন্দ | বিষাদ |
| ভালোবাসা | ঘৃণা |
| ছোটো | বড়ো |
| দিন | রাত |
| শহর | গ্রাম |

**প্রশ্ন ১১. সঠিক উত্তরের উপরে টিক চিহ্ন (√) দাও।**

ক. বাংলা বছরের প্রথম দিন– ✓১লা বৈশাখ/১লা ফাল্গুন/১লা কার্তিক/১লা চৈত্র।

খ. খ্রিস্টানদের বড়োদিন– ✓২৫ ডিসেম্বর/২৪ ডিসেম্বর/২৫ অক্টোবর/২৬ ডিসেম্বর।


গ. বৌদ্ধদের বড়ো উৎসব– বৈশাখী উৎসব/✓বুদ্ধ পূর্ণিমা/মাঘী-পূর্ণিমা/বড়োদিন।

ঘ. মুসলমানদের প্রধান উৎসব– ✓ঈদ-উল ফিতর/মহররম/শবে কদর/শবে মেরাজ।

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১২. একটি উৎসবের ছবি এঁকে ছবিটি সম্পর্কে লেখ।**

**উত্তর :** আমার দেখা একটি উৎসব হলো বৈশাখী মেলা। নিচে এ সম্পর্কিত ছবি আঁকলাম।



ছবিতে দেখা যাচ্ছে, মেলায় নাগরদোলার আয়োজন করা হয়েছে। গাছতলায় বাউল শিল্পীরা গান পরিবেশন করছে। এছাড়াও ব্যবসায়ীরা বিভিন্ন খাবার ও মাটির তৈরি পুতুলের পসরা সাজিয়ে বসেছে।

**প্রশ্ন ১৩. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

শরৎকালে, মুসলমানদের, মেলা, বাতি, ডিসেম্বর, বুদ্ধ পূর্ণিমা।

ক. নববর্ষে গ্রামে ও শহরে ——— বসে।

খ. ক্রিসমাস ট্রিতে ছোটো ছোটো ——— লাগিয়ে সাজানো হয়।

গ. ——— প্রধান উৎসব ঈদ-উল ফিতর ও ঈদ-উল আজহা।

ঘ. খ্রিস্টানরা ——— মাসের ২৫ তারিখে বড়োদিন পালন করে।

ঙ. ——— দুর্গাপূজা হয়।

**উত্তর :**

ক. নববর্ষে গ্রামে ও শহরে **মেলা** বসে।

খ. ক্রিসমাস ট্রিতে ছোটো ছোটো **বাতি** লাগিয়ে সাজানো হয়।

গ. **মুসলমানদের** প্রধান উৎসব ঈদ-উল ফিতর ও ঈদ-উল আজহা।

ঘ. খ্রিস্টানরা **ডিসেম্বর** মাসের ২৫ তারিখে বড়োদিন পালন করে।

ঙ. **শরৎকালে** দুর্গাপূজা হয়।

**প্রশ্ন ১৪. নিচের ফলাযুক্ত বর্ণ দিয়ে শব্দ গঠন কর।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

র (্র) ফলা, ম (ম্) ফলা, য (্য) ফলা।

| ফলাযুক্ত বর্ণ | |
|---|---|
| র (্র) ফলা | |
| ম (ম্) ফলা | |
| য (্য) ফলা | |

**উত্তর :**

| ফলাযুক্ত বর্ণ | শব্দ |
|---|---|
| র (্র) ফলা | খ্রিস্টান, ক্রিসমাস। |
| ম (ম্) ফলা | লক্ষ্মী, জন্ম। |
| য (্য) ফলা | সন্ধ্যা, প্রত্যেক। |

**প্রশ্ন ১৫. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

মণ্ডপ, অঞ্চল, সন্দেশ, সান্ত্বা, ক্লজ, লক্ষ্মীপূজা, ডিসেম্বর।

**উত্তর :**

| | | | |
|---|---|---|---|
| মণ্ডপ | ণ্ড | ণ + ড | মণ্ড, মুণ্ড |
| অঞ্চল | ঞ্চ | ঞ + চ | চঞ্চল, বঞ্চনা |
| সন্দেশ | ন্দ | ন + দ | ছন্দ, আনন্দ |
| সান্তা | ন্ত | ন + ত | জ্যান্ত, শান্ত |
| ক্লজ | ক্ল | ক + ল | ক্লান্ত, ক্লেশ |
| লক্ষ্মীপূজা | ক্ষ্ম | ক + ষ + ম | লক্ষ্মণ, যক্ষ্মা |
| ডিসেম্বর | ম্ব | ম + ব | লম্বা, সম্বল |

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| যুক্তবর্ণযোগে গঠিত শব্দ শুনে শনাক্ত করতে পেরেছে। | | | |
| সাবলীলভাবে পাঠটি পড়তে পেরেছে। | | | |
| যুক্তব্যঞ্জন বর্ণ সহযোগে গঠিত শব্দ লিখতে পেরেছে। | | | |
| পাঠসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

### ধারাবাহিক মূল্যায়ন

তারিখ : ☐☐☐ সময় :..............

শিক্ষার্থীর নাম :.............................. শ্রেণি :.............................. রোল নম্বর : ☐

১। **নিচের শব্দগুলোর অর্থ লেখ।**
জাঁকজমক, অঞ্চল, পার্বত্য, আলপনা, প্রদীপ।

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**
ক. ঈদ-উল আজহা কাদের উৎসব?
খ. কোন পূজা শরৎকালে হয়?
গ. কোন মাসে বুদ্ধ পূর্ণিমা পালিত হয়?
ঘ. কোন উৎসবে ক্রিসমাস ট্রি সাজানো হয়?
ঙ. দেশকে ভালোবেসে কোন উৎসব পালন করা হয়?


৩। **একটি উৎসবের ছবি আঁক এবং ছবিটি সম্পর্কে লেখ।**

### উত্তরমালা

১ ▸
**জাঁকজমক** — আড়ম্বর।
**অঞ্চল** — এলাকা।
**পার্বত্য** — পাহাড়ি।
**আলপনা** — নকশা।
**প্রদীপ** — বাতি।

২ ▸ ক. ঈদ-উল আজহা মুসলমানদের উৎসব।
খ. দুর্গাপূজা শরৎকালে হয়।
গ. বৈশাখ মাসে বুদ্ধ পূর্ণিমা পালিত হয়।
ঘ. খ্রিষ্টানদের বড়োদিন উৎসবে ক্রিসমাস ট্রি সাজানো হয়।
ঙ. দেশকে ভালোবেসে রাষ্ট্রীয় উৎসব, যেমন— ২৬শে মার্চ, ১৬ই ডিসেম্বর ইত্যাদি উৎসব পালন করা হয়।

৩ ▸ আমার দেখা একটি উৎসব হলো বৈশাখী মেলা। নিচে এ সম্পর্কিত ছবি আঁকলাম।



ছবিতে দেখা যাচ্ছে, মেলায় নাগরদোলার আয়োজন করা হয়েছে। গাছতলায় বাউল শিল্পীরা গান পরিবেশন করছে। এছাড়াও ব্যবসায়ীরা বিভিন্ন খাবার ও মাটির তৈরি পুতুলের পসরা সাজিয়ে বসেছে।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐